## রাকী ফয়সাল আহমেদ সাবিত (Raqi Faisal Ahmed Sabit)

**এমবিবিএস শিক্ষার্থী, রংপুর মেডিকেল কলেজ**

আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার


# মাথা, মুখমণ্ডল ও কাঁধের জাদু এবং গিঁট খোলার শক্তিশালী রুকইয়াহ

এই রুকইয়াহটি মূলত মাথা, মুখমণ্ডল, কাঁধ এবং ঘাড়ের অংশে লুকিয়ে থাকা জাদু, জিন, এবং তাদের তৈরি করা গিঁট বা চেইন ধ্বংস করার জন্য প্রস্তুত করা হয়েছে। নিচে উল্লেখিত অডিওর বিন্যাস অনুযায়ী তিলাওয়াতের পদ্ধতি দেওয়া হলো:

**بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ (1) الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ (2)**

**الرَّحْمَٰنِ الرَّحِيمِ (3) مَالِكِ يَوْمِ الدِّينِ (4)**

**শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু। যাবতীয় প্রশংসা আল্লাহ তা'আলার যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা। যিনি নিতান্ত মেহেরবান ও দয়ালু। যিনি বিচার দিনের মালিক।**

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ (5) اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ (6)

صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ

(7)

আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি। আমাদেরকে সরল পথ দেখাও। সে সমস্ত লোকের পথ, যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে।

اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ۚ لَا تَأْخُذُهُ سِنَةٌ وَلَا نَوْمٌ ۚ لَّهُ مَا

فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۗ مَن ذَا الَّذِي يَشْفَعُ عِندَهُ إِلَّا

بِإِذْنِهِ ۚ

আল্লাহ ছাড়া অন্য কোন উপাস্য নেই, তিনি জীবিত, সবকিছুর ধারক। তাঁকে তন্দ্রাও স্পর্শ করতে পারে না এবং নিদ্রাও নয়। আসমান ও যমীনে যা কিছু রয়েছে, সবই তাঁর। কে আছ এমন, যে সুপারিশ করবে তাঁর কাছে তাঁর অনুমতি ছাড়া?

يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۖ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهِ

إِلَّا بِمَا شَاءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ ۖ وَلَا يَئُودُهُ

حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ

দৃষ্টির সামনে কিংবা পিছনে যা কিছু রয়েছে সে সবই তিনি জানেন। তাঁর জ্ঞানসীমা থেকে তারা কোন কিছুকেই আয়ত্ত করতে পারে না, কিন্তু যতটুকু তিনি ইচ্ছা করেন। তাঁর সিংহাসন সমস্ত আসমান ও যমীনকে পরিবেষ্টন করে আছে। আর সেগুলোকে ধারণ করা তাঁর পক্ষে কঠিন নয়। তিনিই সর্বোচ্চ এবং সর্বাপেক্ষা মহান।

إِنَّ الَّذِينَ قَالُوا رَبُّنَا اللَّهُ ثُمَّ اسْتَقَامُوا تَتَنَزَّلُ عَلَيْهِمُ الْمَلَائِكَةُ

নিশ্চয় যারা বলে, আমাদের পালনকর্তা আল্লাহ, অতঃপর অবিচল থাকে, তাদের কাছে ফেরেশতা অবতীর্ণ হয়... (আয়াতটি বারবার পড়া হয়েছে এবং লাল চিহ্নিত অংশটি একাধারে ৪ বারের বেশি পড়া হয়েছে)।

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ (1) وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ (2) لَيْلَةُ

الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ (3)

নিশ্চয়ই আমি একে (কুরআন) কদরের রজনীতে অবতীর্ণ করেছি। আপনি কি জানেন কদরের রজনী কি? কদরের রজনী হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ। (লাল চিহ্নিত অংশটি ১৪ বার পড়া হয়েছে)।

تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم مِّن كُلِّ أَمْرٍ (4) سَلَامٌ

هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ (5)

এতে প্রত্যেক কাজের জন্যে ফেরেশতাগণ ও রূহ (জিবরাঈল) অবতীর্ণ হয় তাদের পালনকর্তার নির্দেশক্রমে। এটা নিরাপত্তা, যা ফজর উদয় পর্যন্ত অব্যাহত থাকে। (লাল চিহ্নিত অংশটি ১১ বার পড়া হয়েছে)।

وَنَزَّلْنَاهُ تَنزِيلًا

আর আমি তা পর্যায়ক্রমে অবতীর্ণ করেছি। (এই অংশটুকু ১৬ বার পড়া হয়েছে)।

بِسْمِ اللَّهِ يَنْزِلُ كُلُّ مَنْ سَكَنَ رَأْسًا وَأَكْتَافًا وَوَجْهًا

আল্লাহর নামে, মাথা, কাঁধ এবং মুখমণ্ডলে বসবাসকারী প্রত্যেকেই নেমে আসুক। ("বিসমিল্লাহি ইয়ানযিলু" অংশটি একাধিকবার পড়া হয়েছে)।

بِسْمِ اللَّهِ يَفْقِدُ سَيْطَرَتَهُ كُلُّ عَمْسٍ وَعَارِضٍ وَشَيْطَانٍ

আল্লাহর নামে, প্রত্যেক আক্রমণকারী, বাধাদানকারী এবং শয়তান তার নিয়ন্ত্রণ হারিয়ে ফেলুক। (লাল অংশটি বারবার পড়া হয়েছে)।

## بِسْمِ اللَّهِ تُبْطَلُ أَسْحَارٌ فِي الرَّأْسِ

**আল্লাহর নামে, মাথার সকল জাদু বাতিল হয়ে যাক। (এই অংশটি বারবার রিপিট করা হয়েছে)।**

## بِسْمِ اللَّهِ يُمْحَى كُلُّ سِحْرٍ فِي الْبَدَنِ فِي الرَّأْسِ

**আল্লাহর নামে, শরীরের এবং মাথার সমস্ত জাদু মুছে ফেলা হোক। (লাল অংশটি বারবার পড়া হয়েছে)।**

## مَا جِئْتُم بِهِ السِّحْرُ ۖ إِنَّ اللَّهَ سَيُبْطِلُهُ

**তোমরা যা নিয়ে এসেছ তা জাদু; নিশ্চয়ই আল্লাহ তা এখনই বাতিল করে দেবেন। (লাল চিহ্নিত অংশটি ব্যাপকভাবে অসংখ্য বার পড়া হয়েছে)।**

## إِذِ الْأَغْلَالُ فِي أَعْنَاقِهِمْ وَالسَّلَاسِلُ يُسْحَبُونَ

**যখন তাদের গলদেশে বেড়ী ও শৃঙ্খল থাকবে, তাদেরকে টেনে হিঁচড়ে নিয়ে যাওয়া হবে। (আয়াতটি ৩০ বারের বেশি পড়া হয়েছে এবং লাল চিহ্নিত অংশটি শেষে একাধিকবার রিপিট করা হয়েছে)।**

## 📌 সেলফ রুকইয়াহ গাইডলাইন

আপনি যে সমস্যাগুলো থেকে বের হতে চান অথবা যে রোগ থেকে সুস্থতা লাভ করতে চান সেই সমস্যা ও রোগ গুলোকে ১, ২, ৩, এভাবে নাম্বার দিয়ে সিরিয়াল অনুযায়ী প্রথমে নোট ডাউন করে নিবেন। পরবর্তীতে এক নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য একদিন ৩০ মিনিট আপনি নিজেই রুকইয়াহ করবেন, দ্বিতীয় নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য দ্বিতীয় দিন ৩০ মিনিট রুকইয়াহ করবেন। তৃতীয় দিন তৃতীয় সমস্যা বা রোগটির জন্য, চতুর্থ দিন চতুর্থ সমস্যা বা রোগের জন্য। এভাবে সিরিয়াল অনুযায়ী...

🟢 **নিজেই নিজের রুকইয়াহ করার নিয়ম**

"হে আল্লাহ আমার **মাথা, মুখমণ্ডল এবং কাঁধের জাদু, ব্ল্যাকম্যাজিক, জিন ও চেইন বা গিঁটের** সাথে সম্পৃক্ত সকল বদনজর, হাসাদ, সেহের, জ্বীন, শরীরের ভিতরে ও বাইরে থাকা শয়তান জ্বীন ও তাদের সকল প্রভাবকে আপনি ধ্বংস করে দিন"

উপরের এই বাংলা দোয়াটি ১৫ মিনিট পাঠ করবেন। আর বাকি ১৫ মিনিট সূরা ফাতিহা, ফালাক এবং নাস এবং উল্লেখিত আয়াত গুলো পাঠ করবেন।

এভাবে বাংলা ১৫ মিনিট দোয়া এবং ১৫ মিনিট কুরআনের আয়াত পাঠ করে মোট ৩০ মিনিট রুকইয়াহ শেষ করার পর পানি, মধু, গোলাপজল, অলিভ অয়েল, বড়ই পাতা , এগুলোতে হালকা থুতু দিয়ে মিশিয়ে ফুঁ দিবেন। ( শুরু করে দিন , অন্তত পানি দিয়ে হলেও , তারপর আস্তে আস্তে সংগ্রহ করুন )

এরপর করার ফলে আপনার নিজের রুকইয়াহও হলো আবার সাথে সাথে আপনার পড়া পানি, পড়া মধু, পড়া তেল ইত্যাদি সব সাপ্লিমেন্ট ব্যবহারের জন্য তৈরি হয়ে গেল।

🟢 **সাপ্লিমেন্ট ব্যবহার করার নিয়ম**

আপনি রুকইয়াহ করে যে পড়া পানি তৈরি করেছেন সেখান থেকে আধা লিটার পড়া পানি নিয়ে তাতে পরিমাণ মতো এবং স্বাদ মতো লেবুর রস, মধু, সিদর পাতা মিশিয়ে শরবত বানিয়ে পুরোটা খেয়ে আপনার জন্য সাপোর্টিভ রুকইয়াহ অ্যাক্টিভ করবেন।

**সাজেস্টেড অডিও:** মাথা, মুখমণ্ডল ও কাঁধের জাদু এবং গিঁট খোলার অডিও (https://youtu.be/qobMAQfP3B8?si=1AJDYSaoSlf-z6YF).

🟢 **রুকইয়াহ গোসল করবেন সপ্তাহে ১ দিন**

গোসলের নিয়ম: এক বালতি গোসলের পানি নিন। তাতে ১ লিটার পড়া পানি, ১০-১৫ চামচ গোলাপজল এবং ১ থেকে ৩ চামচ অলিভ অয়েল এবং সাতটি বড়ই পাতা বেটে পেস্ট করে পানিতে মিশিয়ে ফেলুন। ( বড়ই পাতা না পেলে গোলাপ পাতা )

এরপর এই ১ বালতি পানি থেকে আরেক বালতি পানি আপনার মাথার উপর থেকে আস্তে আস্তে ঢালবেন এবং পুরো শরীর ম্যাসাজ করবেন। পরবর্তীতে নরমাল ফ্রেশ পানি দিয়ে গোসল করে শরীর পরিষ্কার করে নিবেন।

🟢 **পড়া অলিভ অয়েল ব্যবহার করবেন**

গোসলের পর এবং রাতে ঘুমানোর আগে পুরো শরীরে পড়া অলিভ অয়েল মেখে নিবেন। বিশেষ করে আপনার শরীরের যে সকল জায়গায় ব্যথা করে, জ্বালাপোড়া করে এবং ফুসকুড়ি সেসব স্থানে ঐ পড়া অলিভ অয়েল দিয়ে ম্যাসাজ করবেন।

🟢 **পড়া পানি দিয়ে মুখ ধোবেন / স্প্রে করবেন**

যখন আপনার বাসায় স্প্রে করবেন, তখন ঐ পানি দিয়ে স্প্রে করা হবে এবং পড়া পানি মিশিয়ে নিয়ে তা দিয়ে বাসার ফ্লোর মুছে নিবেন। একটি স্প্রে বোতলে পড়া পানি এবং সুগন্ধি ছাড়া এমন আতর মিশিয়ে বাসায় স্প্রে করবেন।

🟢 **আমল**

সূরা কফ ৩ বার রাতে, সকালে সূরা ইয়াসিন, সন্ধ্যায় সূরা ওয়াকিয়া। এবং হিসনূন মুসলিম অ্যাপ থেকে সকাল সন্ধ্যার দুআ পড়বেন.

🟢 **সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ করবেন**

নিয়মিত মাসনুন আমল করার পাশাপাশি নিজের সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ আদায় করবেন।

---

To take paid consultancy and guideline - Page - **Raqi Faisal Ahmed Sabit** and Telegram **(Raqi Faisal Ahmed Sabit (Official))** for all pdfs and audios